দৈনিক
ইত্তেফাক

তারিখ 5 JAN 2012
পৃষ্ঠা ১৩ কলাম ২

### সংসদীয় কমিটির বৈঠক

# ২০১৪ সালের মধ্যে দেশ নিরক্ষরমুক্ত করার টার্গেট

■ ইত্তেফাক রিপোর্ট

২০১৪ সালের মধ্যে নিরক্ষরমুক্ত বাংলাদেশ গড়ার প্রত্যয়কে বাস্তবে রূপদানের সুপারিশ করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। কমিটি বলেছে, শিক্ষকরা যাতে আরো আন্তরিকতার সাথে প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষাদান করেন তা নিশ্চিত করা হলেই দেশ নিরক্ষরমুক্ত হবে। গতকাল মঙ্গলবার জাতীয় সংসদ ভবনে আসাদুজ্জামান নূর ... সভাপতিত্বে অনুষ্ঠিত স্থায়ী কমিটির বৈঠকে এ কথা বলা হয়। গত বছরের প্রাথমিক সমাপনী পরীক্ষা নিয়ে বৈঠকে সদস্যরা আলোচনা করেন। এ পরীক্ষা গ্রহণ ও মাত্র ২৫ দিনের মধ্যে সফলভাবে অন লাইনে ফলাফল প্রকাশ ও পাসের হার বেশি হওয়ায় কমিটি সন্তোষ প্রকাশ করেছে। পাসের হার আগামী বছর শতকরা ৯৯ ভাগে উন্নীতকরণ এবং ২০১৪ সালের মধ্যে নিরক্ষরমুক্ত বাংলাদেশ গড়ার প্রত্যয়কে বাস্তবে রূপদানের সুপারিশ করা হয়।

বৈঠকে বিদ্যালয়বিহীন গ্রামে নতুন প্রাথমিক বিদ্যালয় স্থাপন কার্যক্রম দ্রুত এগিয়ে নিয়ে যাওয়ার সুপারিশ করা হয়। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তগুলোর বাস্তবায়নের অগ্রগতি নিয়ে সদস্যরা আলোচনা করেন। সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে ছাত্র-ছাত্রীর সংখ্যানুপাতে শিক্ষক পদায়ন নিশ্চিত করার সুপারিশ দ্রুত বাস্তবায়নের পরামর্শ দেয়া হয়। শ্রেণীকক্ষে শিক্ষকরা যাতে নিয়মানুযায়ী ছাত্র-ছাত্রীদের পদ্ধতিগত পাঠদান করেন সে বিষয়ে মন্ত্রণালয়ের পক্ষ থেকে নির্দেশনা জারি করে কমিটিকে অবহিত করার সুপারিশ করা হয়।

চলতি শিক্ষাবর্ষে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে চাহিদানুযায়ী বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণে সফল হওয়ায় কমিটির পক্ষ থেকে সন্তোষ প্রকাশ করা হয়। তবে পাঠ্যপুস্তক পরিবহন খরচ চারশ টাকার মধ্যে সীমাবদ্ধ না রেখে উপজেলা থেকে বিদ্যালয়ের দূরত্ব বিবেচনায় রেখে যেখানে যা প্রযোজ্য সেখানে তা প্রদানের সুপারিশ করা হয়। কমিটির সদস্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী মো. আফছারুল আমীন, মো. আতিউর রহমান আতিক, আফাজ উদ্দিন আহমেদ, আবদুল মান্নান, তালুকদার মো. ইউনুস, অধ্যক্ষ খাদিজা খাতুন শেফালী এবং জোবেদা খাতুন বৈঠকে অংশগ্রহণ করেন। প্রাথমিক ও গণশিক্ষা সচিব একেএম আবদুল আউয়াল মজুমদার এবং সংসদ সচিবালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।